দৈনিক বাংলা

তারিখ 28 NOV 1991

পৃষ্ঠা ৩ কলাম ৬

17

# ক্যাম্পাসে সন্ত্রাসীরা ছাত্র নয় ঃ প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস জাতীয় উন্নয়নের জন্য পর্যাপ্ত কারিগরী জ্ঞানসহ ছাত্রদের প্রকৃত কার্যকরী শক্তি হিসাবে গড়ে তোলার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেছেন।

জয়দেবপুর থেকে বাংলাদেশ ইন্সটিটিউট অব টেকনোলজির (বিআইটি) একদল ছাত্র ও শিক্ষক গতকাল বঙ্গভবনে প্রেসিডেন্টের সঙ্গে দেখা করলে তিনি একথা বলেন। ধর্ম প্রতিমন্ত্রী অধ্যাপক আবদুল মান্নান এসময় উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট বিশ্বাস বলেন, যারা ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টি করছে তারা প্রকৃত ছাত্র নয়। তিনি বলেন, সাধারণ ছাত্র-দেরকে তাদের প্রতিহত করতে হবে।

এরপর ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সংগ্রাম পরিষদের একদল ছাত্র বঙ্গভবনে প্রেসিডেন্টের সঙ্গে দেখা করেন। নিয়মিত ক্লাস করাসহ তারা তাদের বিভিন্ন সমস্যা সম্পর্কে প্রেসিডেন্টকে অবহিত করেন।